# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ অধিশাখা

স্মারক নং-ইপ/বিবিধ-১০/৯৫/ তারিখঃ-০৬-০২-২০০৭ ইং

বিষয়ঃ **ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সদস্য/সদস্যাগণের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর প্রসঙ্গে।**

সূত্রঃ- প্রধান উপদেষ্টার কার্যালয়ের ৩১/০১/১০০৭ তারিখের ৩১.৩৯.৩২.০০.০০.০০.২০০৭-২৯(১০০০) নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সদস্যদের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরের কর্তৃপক্ষ পুনঃবরাদ্দ নির্ধারণ করে প্রধান উপদেষ্টার কার্যালয় হতে বিগত ৩১-০১-২০০৭ তারিখের ৩১.৩৯.৩২.০০.০০.০০.২০০৭-২৯(১০০০) নং স্মারকে একটি আদেশ জারী করা হয়েছে। উক্ত আদেশ অনুযায়ী ইউপি চেয়ারম্যান ও সদস্যদের বহিঃ বাংলাদেশ ছুটি বিভাগীয় কমিশনার অনুমোদন করবেন। প্রধান উপদেষ্টার কার্যালয়ের উল্লেখিত স্মারকাদেশটিসহ প্রাপ্ত আবেদনসমূহ এতদসংগে প্রেরণ করা হলো। উল্লেখ্য স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) অধ্যাদেশ, ১৯৮৩ মোতাবেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ। অত্র মন্ত্রণালয় শুধুমাত্র বহিঃ বাংলাদেশ ছুটি ভোগের অনুমতি দিয়ে থাকে।

এমতাবস্থায়, ইউপি চেয়ারম্যান ও সদস্যদের বহিঃ বাংলাদেশ ছুটির বিষয়ে উল্লেখিত আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত- পাতা।

স্বাঃ ০৬-০২-২০০৭
**(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)**
উপ-সচিব
ফোন-৭১৬৭১৪৫।

**কমিশনার**
ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট বিভাগ।

ইং-ইপ/বিধি-১০/৯৫/৯৩ (৬৪) তারিখঃ- ০৬-০২-২০০৭ইং

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**
জেলা প্রশাসক (সকল)
-------------------------

স্বাঃ ০৬-০২-২০০৭
**(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)**
উপ-সচিব



CamScanner

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## প্রধান উপদেষ্টার কার্যালয়

তারিখ: ৩১/০১/২০০৭ ইং
১৮/১৪/১৪১৩ বাং

পত্র সংখ্যা-৩১.৩৯.৩২.০০.০০.০০.২০০৭-২৯(১০০০)

## আদেশ

**বিষয়: বিদেশ ভ্রমণের অনুমতি প্রদান**

সরকারের কার্যক্রমে আরও গতিশীলতা আনয়ন, সরকারী বা ব্যক্তিগত কাজে (যথাযথ কর্তৃপক্ষের ছুটি গ্রহণক্রমে) বৈদেশিক ভ্রমণের ক্ষেত্রে ক্ষমতা বিকেন্দ্রীকরণ এবং মন্ত্রণালয়/বিভাগসমূহ ও সকল অধিদপ্তর/পরিদপ্তর/স্বশাসিত/স্বায়ত্বশাসিত সংস্থায় অধিকতর ক্ষমতা অর্পণের লক্ষ্যে বিদ্যমান সকল আদেশ এতদ্বারা বাতিল করে সরকার নিম্নরূপ আদেশ করল:

১। নিম্নলিখিত কর্মকর্তাগণের বিদেশ ভ্রমণে মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদন প্রয়োজন হবে:-

(ক) মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব/বাংলাদেশ ব্যাংকের গভর্ণর/মন্ত্রণালয়/বিভাগসমূহের সচিব/ভারপ্রাপ্ত সচিব ও পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ,

(খ) অধিদপ্তর প্রধান এবং স্বশাসিত/স্বায়ত্বশাসিত সংস্থার ১ ও ২ নং বেতন স্কেলভুক্ত প্রধান নির্বাহী,

(গ) সরকারের অতিরিক্ত সচিববৃন্দ ও বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্ণর,

(ঘ) বিভাগীয় কমিশনার, উপ-মহাপুলিশ পরিদর্শক, পুলিশ কমিশনার, জেলা প্রশাসক ও পুলিশ সুপার।

২। নিম্নলিখিত বিভাগীয় কর্মকর্তাগণের বিদেশ ভ্রমণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টার অনুমোদন আবশ্যক হবে:-

(ক) ১নং অনুচ্ছেদে বর্ণিত কর্মকর্তা ছাড়া মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীন অধিদপ্তর/স্বশাসিত/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত জাতীয় বেতন স্কেলের ৫নং এবং তদুর্ধ্ব স্কেলভুক্ত সকল কর্মকর্তা,

(খ) উপদেষ্টার ব্যক্তিগত কর্মকর্তা,

৩। নিম্নলিখিত কর্মকর্তাগণের বিদেশ ভ্রমণে প্রধান উপদেষ্টার কার্যালয়ের ক্ষেত্রে মুখ্য সচিব এব সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব/ভারপ্রাপ্ত সচিব অনুমোদনকারী কর্তৃপক্ষ হবেন:-

(ক) ১ এবং ২ নং অনুচ্ছেদে বর্ণিত কর্মকর্তাগণ ব্যতীত মন্ত্রণালয় ও এর অধীন অধিদপ্তর/পরিদপ্তর/স্বশাসিত/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত জাতীয় বেতন স্কেলের ৬ থেকে ৯নং স্কেলভুক্ত সকল কর্মকর্তা,

(খ) মন্ত্রণালযে কর্মরত সকল ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী (সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ক্ষমতা অর্পন সংক্রান্ত আদেশ থাকলে তাও এক্ষেত্রে প্রযোজ্য হবে)।

৪। ১, ২, ৩ নং অনুচ্ছেদে বর্ণিত কর্মর্তা/কর্মচারীগণ ব্যতীত আর সকল কর্মকর্তা/কর্মচারীর বিদেশ ভ্রমণের অনুমতি সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর/স্বশাসিত/স্বায়ত্তশাসিত সংস্থার স্ব স্ব প্রধান প্রদান করবেন।

৫। যে সকল মন্ত্রণালয়/বিভাগের দায়িত্ব সরাসরি মাননীয় প্রধান উপদেষ্টার অধীনে ন্যস্ত এ আদেশের ১নং অনুচ্ছেদে বর্ণিত কর্মকর্তাগণ ছাড়াও সে সকল মন্ত্রণালয়/বিভাগের এবং এদের অধীন অধিদপ্তর/পরিদপ্তর/স্বশাসিত/স্বায়ত্তশাসিত সংস্থার জাতীয়



AI QUAD CAMERA
Shot by Thingujam Dinesh
CamScanner

বেতন স্কেলের ৩নং স্কেলভুক্ত সকল কর্মকর্তার ভ্রমণে মাননীয় প্রধান উপদেষ্টার এবং ৪নং ও ৫নং স্কেলভূক্ত সকল কর্মকর্তার ভ্রমণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের/বিভাগের সচিবগণের (প্রধান উপদেষ্টা কার্যালয়ের ক্ষেত্রে মূখ্য সচিব) অনুমোদন আবশ্যক হবে।

৬। (ক) অর্থায়নের উৎস নির্বিশেষে জাতীয় সংসদের মাননীয় স্পীকার, সুপ্রীম কোর্টের মাননীয় প্রধান বিচারপতি, প্রধান নির্বাচন কমিশনার, দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান, কর ন্যায়পাল নিজেদের এবং অধীন কর্মকর্তা/কর্মচারীদের সরকারী বা ব্যক্তিগত কাজে বিদেশ ভ্রমণে অনুমোদন প্রদান করবেন,

(খ) বাংলাদেশ ব্যাংকের গভর্ণর, ডেপুটি গভর্ণরগণ ব্যতীত তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীর ভ্রমণ অনুমোদন করবেন,

৭। (ক) সিটি কর্পোরেশনের মেয়র, পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যান এবং পার্বত্য জেলা পরিষদসমূহের চেয়ারম্যানদের বিদেশ ভ্রমণে মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদন আবশ্যক হবে,

(খ) পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার পরিষদ/পার্বত্য জেলা পরিষদসমূহের সদস্যবৃন্দ, সিটি কর্পোরেশনের কমিশনারগণ এবং পৌরসভার চেয়ারম্যানগণের বিদেশ ভ্রমণে স্থানীয় সরকার বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা অনুমোদন দিবেন,

(গ) পৌরসভার কমিশনার, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের বিদেশ ভ্রমণে বিভাগীয় কমিশনার অনুমোদন প্রদান করবেন।

৮। উপরের অনুচ্ছেদসমূহে যা কিছুই উল্লেখ থাকুক না কেন বাংলাদেশ সরকার/বিশ্ববিদ্যালয়/বৈদেশিক ঋণের অর্থের সংশ্লেষ না থাকলে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরগণ তাঁর অধীন সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর অনধিক তিন মাসের বিদেশ ভ্রমণে অনুমোদন প্রদান করবেন।

৯। দলগতভাবে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে দলের সবোর্চ্চ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর ভ্রমণ অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট থেকে সকলের ভ্রমণের অনুমোদন প্রয়োজন হবে।

১০। সকল অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ ভ্রমণের প্রস্তাব পেশকালে নিম্নের তথ্যাদি প্রদান করতে হবে:-

(ক) ভ্রমণের প্রয়োজনীয়তা এবং ভ্রমণের উদ্দেশ্যের সাথে মনোনীত কর্মকর্তার উপযোগিতা,

(খ) ভ্রমণকাল (বিদেশে অবস্থান এবং যাতায়াতের সময় পৃথকভাবে উল্লেখ করতে হবে),

(গ) ব্যয়ের উৎস এবং ভ্রমণে বাংলাদেশ সরকারের অর্থের সংশ্লেষ থাকলে বাজেটে (বৈদেশিক মুদ্রার বাজেটসহ) মোট বরাদ্দ, হালনাগাদ ব্যয়িত অর্থ, প্রস্তাবিত ভ্রমণের পর স্থিতি অবস্থার বিবরণী ও খাতওয়ারী ব্যয়ের বিভাজন,

(ঘ) ঋণ চুক্তির অন্তর্ভুক্ত ভ্রমণের ক্ষেত্রে মেয়াদ ১৫ দিনের অধিক হলে ভ্রমণের ফলে সরকার যেভাবে লাভবান হবে তার বর্ণনা,

(ঙ) প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাগণের ক্ষেত্রে অনুমোদিত প্রকল্প ছকে বিদেশ ভ্রমণ এবং এ সংক্রান্ত ব্যয়ের সুনির্দিষ্ট অর্থের সংস্থান,

(চ) বিগত এক বছরের ভ্রমণ বিবরণী (ভ্রমণের তারিখ থেকে পূর্ববর্তী এক বছরের),

(ছ) বিদেশে 'প্রতিনিধি' প্রেরণের ক্ষেত্রে যে পর্যায়ের কর্মকর্তাকে প্রেরণের অনুরোধ করা হয়েছে তার উল্লেখ।

১১। ভ্রমণের প্রস্তাব অনুমোদনের পূর্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিভিন্ন বিদেশ ভ্রমণ/প্রশিক্ষণের বিষয়ে জারীকৃত সকল নীতিমালা (যেখানে যা প্রযোজ্য) অনুসৃত হয়েছে কিনা তা নিশ্চিত করবেন।



CamScanner

১২। মন্ত্রণালয়ের দায়িত্ব প্রাপ্ত উপদেষ্টা ও সচিব/ভারপ্রাপ্ত সচিবগণের একত্রে বিদেশ ভ্রমণ সাধারণভাবে পরিহার করা হবে। জাতীয় স্বার্থে অপরিহার্য হলে অত্যন্ত সীমিত ক্ষেত্রে এর ব্যত্যয় করা যেতে পারে।

১৩। বিদশ ভ্রমণ কালে স্বামী/স্ত্রী (স্পাউস) সহগামী/অনুগামী হলে তাঁর ক্ষেত্রেও একই কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হবে। এ সংক্রান্ত প্রস্তাবে ব্যয়ের উৎস বর্ণনা করতে হবে এবং কোনক্রমেই এই ভ্রমণে সরকার/সংস্থা/ঋণের অর্থ ব্যয় করা যাবে না।

১৪। স্বশাসিত সংস্থাকে অর্পিত (ডেলিগেটেড) ক্ষমতা প্রেষণে নিয়োজিত/কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে, তবে এরূপ বিদেশ ভ্রমণের অনুমতি প্রদানের বিষয় মূল নিয়োগকারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

১৫। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব/ভারপ্রাপ্ত সচিব/অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব/কর্মকর্তা/কর্মচারীদের বৈদেশিক ভ্রমণ/প্রশিক্ষণ নীতিমালার অনুসরণ নিশ্চিত করবেন। প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগকে সকল বৈদেশিক ভ্রমণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে মাননীয় প্রধান উপদেষ্টার অবলোকনের জন্য পেশ করতে হবে।

১৬। প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীবৃন্দের প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সরাসরি সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ছকে সংস্থাপন মন্ত্রণালয়ের ক্যারিয়ার প্ল্যানিং অনুবিভাগে প্রেরণ করবে। ক্যারিয়ার প্ল্যানিং অনুবিভাগ প্রশিক্ষণের মূল্যায়ন করবে এবং সংশ্লিষ্ট কর্তকর্তাগণকে পরবর্তীকালে যথাযথ স্থানে পদায়নের পরিকল্পনা প্রদান করবে।

স্বা:
(আলী ইমাম মজুমদার)
মুখ্য সচিব



CamScanner

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা

নং-স্থাসবি/প্রশাসন-০১/৩-০৪/২০০৫/৩০৭

তারিখ: ২২/১০/১৪১৩ বাং
০৪-০২-২০০৭ ইং

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. মহা-পরিদর্শক/যুগ্ম-সচিব (প্রশাসন/উন্নয়ন/পাস), স্থানীয় সরকার বিভাগ।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. উপ-সচিব/পরিচালক/উপ-প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৫. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল) স্থানীয় সরকার বিভাগ।

**বিভাগীয় দপ্তর/সংস্থা প্রধানগণ:**

১. মহা-পরিচালক, এন আই এল জি, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার (সকল)
৩. প্রধান প্রকৌশলী এলজিইডি, ঢাকা। তাঁদের অধীন সকল অফিসকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৪. প্রধান প্রকৌশলী, ডিপিএইচই, ঢাকা। তাঁদের অধীন সকল অফিসকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৫. চেয়ারম্যান, চট্টগ্রাম ওয়াসা/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
৬. জেলা প্রশাসক (সকল)।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল সিটি কর্পোরেশন।
৮. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)।
১০. চেয়ারম্যান, পৌরসভা (সকল)।
১১. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
১২. উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল)।

স্বা:-০৪-০২-২০০৭
**(সালেহ আহমদ মোজাফফর)**
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬৯১৭৯



CamScanner